দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বাণিজ্য অনুষদে মৌখিক পরীক্ষা স্থগিত

## ভর্তি পরীক্ষায় জালিয়াতি নিয়ে মানববন্ধন, বিক্ষোভ সমাবেশ

■ চবি সংবাদদাতা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের বাণিজ্য অনুষদের সি৩ (বিজ্ঞান শাখা) ভর্তি পরীক্ষার প্রশ্নে উত্তরপত্র, ঝাপসা জালিয়াতি অভিযোগের পর অনুষদটির মৌখিক পরীক্ষা স্থগিত করল বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল বুধবার বিকালে ইউনিট ভর্তি পরীক্ষা কমিটির সভা ও উপাচার্যের নির্দেশে মৌখিক পরীক্ষা স্থগিত করা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী বলেন, 'যেহেতু বিভিন্ন পত্রিকায় বাণিজ্য অনুষদের বিজ্ঞান শাখার প্রশ্নে ক্রটির ব্যাপারে খবর ছাপা হয়েছে তাই আমি অনুষদটির সাক্ষাৎকার স্থগিত করার নির্দেশ দিয়েছি এবং আজ বৃহস্পতিবার বাণিজ্য অনুষদের ইউনিট ভর্তি কমিটিকে একটি প্রতিবেদন দিতে বলেছি। প্রতিবেদন পাবার পর এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।'